# সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)
সিলেট

বিষয়ঃ <u>সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) হালনাগাদকরণ সভার কার্যবিবরণীঃ</u>

| | |
|---|---|
| সভাপতি | প্রকৌঃ মোঃ ফারুক হোসেন<br>মহাব্যবস্থাপক (কোম্পানি সচিব) ও আহ্বায়ক (সিটিজেনস চার্টার) । |
| সভার তারিখ: | ০৯-০২-২০২২ |
| সভার সময়: | সকাল ১১.০০ ঘটিকায় |
| স্থান: | প্রধান কার্যালয়স্থ সভাকক্ষ |
| উপস্থিতি: | কমিটির সকল সদস্য |

১। <u>ভূমিকাঃ</u>

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সংক্রান্তে গঠিত কমিটির একটি সভা গত ০৯-০২-২০২২ তারিখে প্রধান কার্যালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় কমিটির সকল সদস্যগণ উপস্থিত ছিলেন (উপস্থিতি সংযুক্ত)। সভাপতি শুরুতেই উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

২। <u>আলোচনাঃ</u>

সভাপতির অনুমতিক্রমে সিটিজিনস চার্টার কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা উল্লেখ করেন যে, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের পত্র সূত্র নং ২৮.২০.০০০.০২০.৩১.০৬০.২০.১১২৪ , তারিখঃ ২৬-০১-২০২২ এর নির্দেশনার আলোকে এসজিএফএল এর সিটিজেন চার্টার দৃশ্যমান স্থানে প্রদর্শন করা প্রয়োজন। তাছাড়া সর্বশেষ কর্ম বন্টন অনুযায়ী এবং কয়েকজন কর্মকর্তার পদোন্নতি এবং বদলীজনিত কারণে এসজিএফএল এর সিটিজেন চার্টারে কর্মকর্তাদের নাম, মোবাইল, ই-মেইল হালনাগাদ/পরিবর্তন করা প্রয়োজন। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ২০১৭ নির্দেশিকা অনুসারে এবং পেট্রোবাংলার নির্দেশনা মোতাবেক প্রতিশ্রুত সেবা সমূহ ৩টি ভাগে চিহ্নিত করা হয় (নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা, অভ্যন্তরীন সেবা) এবং সেই মোতাবেক এসজিএফএল সিটিজেন চার্টার হালনাগাদ করে দৃশ্যমান স্থানে প্রদর্শন এর বিষয়ে সভাপতি মহোদয় প্রস্তুতকৃত সিটিজেন চার্টার এর কমিটি সদস্যদের মতামত এর আলোকে চূড়ান্ত করণের নির্দেশনা প্রদান করা হয়। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক) ইতোপূর্বে প্রস্তুতকৃত সিটিজেনস চার্টার কমিটির সদস্যদের মতামতের আলোকে সংশোধন, সংযোজন, বিয়োজন করে চূড়ান্ত করা;

খ) সিটিজেন চার্টার এর মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে নাগরিক সেবা সমূহ চূড়ান্ত করে অফিসের দৃশ্যমান স্থানে প্রদর্শন করা;

গ) সিটিজেন চার্টার সময়ে সময়ে update করা;

ঘ) সেবা প্রদান বিষয়ে বাৎসরিক একটি কর্মপরিকল্পনা তৈরী করা;

ঙ) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ষ্টেকহোল্ডারগণের সমন্বয়ে বাৎসরিক অন্তত২ ২টি অবহিতকরণ সভা করা এবং

চ) সিটিজেন চার্টার অনুমোদনের পর ওয়েব সাইটে upload করা।

৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন। ।

১৩/০২/2022

(প্রকৌ. মোঃ ফারুক হোসেন)

<u>অনুলিপিঃ</u>

- ব্যবস্থাপনা পরিচালক, এসজিএফএল।
- মহাব্যবস্থাপক (প্রশাসন)/(এলপিএম) /(হিসাব ও অর্থ)/(টিএস)/(অপারেশন)(পিএন্ডডি), এসজিএফএল।
- আহবায়ক (এপিএ) কমিটি, এসজিএফএল।
- আহ্বায়ক (নৈতিকতা কমিটি), এসজিএফএল।
- নথি।